



Ambassador &
Permanent Representative

জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন, নিউইয়র্ক
Permanent Mission of Bangladesh
to the United Nations, New York



১২ চৈত্র ১৪২৬
২৬ মার্চ ২০২০

বাণী

আজ ২৬ মার্চ। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। ১৯৭১ সালের ২৬ মার্চ প্রথম প্রহরে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। জাতির পিতার নির্দেশে শুরু হয় মহান মুক্তিযুদ্ধ। ৯ মাসের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের পর ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর বাংলাদেশ চূড়ান্ত বিজয় অর্জন করে।

আজকের এই দিনে আমি গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি বাঙালি জাতির মুক্তির সংগ্রামের মহানায়ক, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যাঁর অবিসংবাদিত নেতৃত্বে আমরা অর্জন করেছি মহান স্বাধীনতা। শ্রদ্ধার সাথে স্মরণ করছি জাতীয় চার নেতা, মহান মুক্তিযুদ্ধের ত্রিশ লক্ষ শহীদ, দুই লক্ষ সন্ত্রাসহারা মা-বোন ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাসহ সকল বীর মুক্তিযোদ্ধাকে। আজকের এই দিনে আমি যুক্তরাষ্ট্র তথা নিউইয়র্ক প্রবাসী মুক্তিযোদ্ধাগণকেও শ্রদ্ধার সাথে স্মরণ করছি। নিউইয়র্কে বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশীদের আমি শুভেচ্ছা জানাচ্ছি।

সাম্প্রতিক করোনা ভাইরাস (কোভিড-১৯) জনিত কারণে বৈশ্বিক মহামারির সঙ্কটপূর্ণ এই মূহুর্তে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের এবারের উদযাপন-আনুষ্ঠানিকতা সঙ্কুচিত হলেও আমাদের হৃদয়ে জাতীয় জীবনের তাৎপর্যপূর্ণ দিনটি চিরভাস্মর হয়ে আছে। এই দিনটি আমাদের জীবনে আনন্দ বার্তা বয়ে নিয়ে আসুক এই প্রত্যাশা করছি। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশকে আগামী প্রজন্মের জন্য নিরাপদ ও শান্তিপূর্ণ, আত্ম-মর্যাদাশীল এবং জাতির পিতার স্বপ্নের সোনার বাংলায় পরিণত করতে স্ব স্ব অবস্থান থেকে ভূমিকা রাখি -আজকের দিনে এই হোক আমাদের অঙ্গীকার।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবি হোক।

স্বাক্ষরিত/-

(রাবাব ফাতিমা)